

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

৫ কাওরান বাজার, ঢাকা।

বিষয়: বিভিন্ন শাখা/ জেলাদপ্তরসমূহ কর্তৃক প্রেরিত ২০১৮-২০১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল ২য় কোয়ার্টার এর  
পরিবীক্ষণ প্রতিবেদনএর উপর ফিডব্যাক প্রদানের জন্য নেতৃত্বকার কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ হাসানুল ইসলাম এনডিসি  
তারিখ : ০৩/০১/২০১৯ ইং।  
সময় : সকাল ১১.০০ ঘটিকা।  
সভার স্থান : পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ।

সভায় উপস্থিতি পরিশিষ্ট ‘ক’-তে সংযুক্ত করা হলো।

সভাপতি উপস্থিতি সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি বিআরডিবি'র NIS-টিমের  
সদস্য সচিব উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয় শাখা)-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

NIS-টিমের সদস্য সচিব উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয় শাখা)-বিআরডিবি'র বিভিন্ন শাখা/জেলাদপ্তর থেকে প্রাপ্ত  
২০১৮-২০১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর দ্বিতীয় ত্রৈমাসিক অগ্রগতি  
প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি শাখা/জেলাদপ্তরসমূহের ২০১৮-২০১৯ NIS এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা  
করেন। বিভিন্ন শাখা/জেলাদপ্তরের বেশ কিছু সূচকের ক্ষেত্রে ২য় কোয়ার্টার পর্যন্ত আনুপাতিক অর্জন সন্তোষজনক না হওয়ায়  
সভাপতি অসংযোগ প্রকাশ করেন। তিনি NIS-এর লক্ষ্যমাত্রা সঠিক ও যথাযথভাবে প্রতিপালনের জন্য আরো সচেতন হওয়ার  
পরামর্শ প্রদানসহ প্রয়োজনবোধে শাখা/জেলাদপ্তরসমূহের NIS- সংশ্লিষ্টদেরকে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্বারোপ করেন। সকল  
শাখা/জেলাদপ্তর হতে নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্য ও পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনাশেষে  
নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

শাখা/জেলা দপ্তরসমূহের আইসিটি বিষয়ক কার্যক্রম পর্যালোচনা করে নিম্নলিখিত ক্রুটিসমূহ পরিলক্ষিত হয়:

১। যশোর জেলা :

- ৫.২ সূচক- ডিভিও/অনলাইন/টেলিকনফারেন্স ১ম ও ২য় প্রান্তিকে লক্ষ্যমাত্রা অর্জন হয়নি।
- ৭.২ সূচক-GRS সেবাবক্ত্ব হালনাগাদ করা হয়নি।

২। সিরাজগঞ্জ জেলা :

- ১.১, থেকে ৪.৬ সূচক পর্যন্ত লক্ষ্যমাত্রা অর্জন হয়নি।

৩। ঢাকা জেলা :

- সকল সূচকে লক্ষ্যমাত্রা ১০০% অর্জন হওয়ায় উপপরিচালক (ঢাকা) ধন্যবাদ পেতে পারেন।

৪। চাপাইনবাবগঞ্জ জেলা:

- ১.১ সূচকে নেতৃত্বকার কমিটির করা হয়নি। কিন্তু ১.২ সূচকে লক্ষ্যমাত্রা অর্জন দেখানো হয়েছে।
- ১০.২ সূচকে নির্ধারিত সময়ে ২য় প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন দাখিল করা হয়নি।

৫। পঞ্চগড় জেলা:

- ১.৩ সূচকে শুদ্ধাচার সেবাবক্ত্ব হালনাগাদ করা হয়নি।

৬। কুড়িগ্রাম জেলা :

- ১.১ থেকে ৩.৬ সূচক পর্যন্ত লক্ষ্যমাত্রা অর্জন হয়নি।

৭। নওগাঁ জেলা:

- ১.১, ১.২, ২.৩ , ৪.১, ৫.৩, সূচকে লক্ষ্যমাত্রা অর্জন হয়নি।

৮। কুমিল্লা জেলা:

- ১.৩ সূচকে শুদ্ধাচার আইকন হালনাগাদ করা হয়নি।

৯। খাগড়াছড়ি জেলা:


- সকল সূচক হালনাগাদকৃত। ফলে সংশ্লিষ্ট উপপরিচালক ধন্যবাদ পেতে পারেন।

১৫

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১। প্রতি কোয়ার্টারে অন্তত: ১টি করে ভিডিও কনফারেন্স-এর আয়োজন করতে হবে। ভিডিও কনফারেন্স আয়োজনের জন্য উপগ্রহিতালক (প্রোগ্রামিং) কে পত্র প্রেরণ করতে হবে;
- ২। প্রতি কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ এক তারিখের মধ্যে জনসংযোগ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে;
- ৩। বার্ষিক উত্তোলন কর্ম-পরিকল্পনায় অর্তভূক্ত কার্যক্রম বাস্তবায়ন ও চালুকৃত উত্তোলনী উদ্যোগ/সহজীকৃত সেবা পরিবীক্ষণের প্রমাণক অর্জন পরবর্তী কার্যক্রমের জন্য সংশ্লিষ্টদের বরাবর পত্র প্রেরণ করতে হবে।
- ৪। জরুরী পত্রাদি/নোটিশ প্রেরণের ক্ষেত্রে ই-মেইল ও এস এম এস এর মাধ্যমে অবগত করতে হবে;
- ৫। টার্গেট অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়সমূহের উপর প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করার জন্য পরিচালক (প্রশিক্ষণ) কে অনুরোধ করতে হবে;
- ৬। নির্ধারিত সময়ের মধ্যে শুক্রাচার পূরক্ষার প্রদানের জন্য ১ লা এপ্রিল হতে কার্যক্রম শুরু করতে হবে;
- ৭। ২০১৮-১৯ অর্থবছরের জাতীয় শুক্রাচার কর্মপরিকল্পনায় ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে;
- ৮। সকল শাখা/জেলাদপ্তর শুক্রাচারের উপর কার্যক্রম বাস্তবায়নের জন্য যথাযথ মনিটরিং-এর ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৯। সিটিজেন চার্টার অনুযায়ী ১০০% সেবা নিশ্চিত করতে হবে।
- ১০। সেবা প্রদানের ক্ষেত্রে সকল কর্মকর্তা-কর্মচারীকে ১০০% ভাগ সততা ও নিষ্ঠার পরিচয় দিতে হবে।
- ১১। পরবর্তী কোয়ার্টারে পূর্বের ঘাটতিসহ ৩য় ত্রৈমাসিক পর্যন্ত সম্পূর্ণ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মোঃ হাসানুল ইসলাম এনডিসি  
পরিচালক (প্রসামন)